# B.A. 2nd Semester (Honours) Examination, 2018 (CBCS)

## Subject : Bengali

## Paper : CC-IV

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "ভবানন্দ মজুন্দার নিবাস রহিব।"— বক্তা কে? ভবানন্দ কে?

(খ) ভারতচন্দ্র তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যে বর্গী হাঙ্গামার কী কারণ উল্লেখ করেছেন?

(গ) "পদ্মপাত পরি আমি হয়েছি পদ্মিনী।"— বক্তব্যটি পরিস্ফুট করো।

(ঘ) "ছিল গোঁড়া বৈষ্ণব, হইল গোঁড়া শৈব।"— কার প্রসঙ্গে, কেন এমন মন্তব্য?

(ঙ) "নখে নখ বাজায়ে নারদমুনি হাসে।"— নারদমুনির হাসির কারণটি কী?

(চ) "কৃষ্ণচন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময়।"— ব্যাখ্যা করো।

(ছ) "তোমার কথার বশ শঙ্কর সর্ব্বদা।"— কে কাকে বলেছে?

(জ) সৌলদজঙ্গ কে? তিনি কোথাকার শাসনকর্তা ছিলেন?

(ঝ) সুষেন কে? তাঁর দুই পুত্রের নাম লেখো।

(ঞ) নল ও নীল কারা?

(ট) "শোকেতে পাগলী সীতা গড়াগড়ি যায়"— সীতার শোকের কারণ কী?

(ঠ) "দাম গুড় গুড় বাদ্য বাজে নাচে চণ্ডাল পাড়া।"— চণ্ডালপাড়ার নৃত্যের কারণটি কী?

(ড) "শাপ দিয়া মন্দোদরী করিলা গমন।"— মন্দোদরীর শাপটি গদ্যে লেখো। মন্দোদরীর পিতার নাম কী?

(ঢ) "সীতা দিয়া রামের সনে কর তুমি মিত।"— কে, কাকে বলেছে?

(ণ) "আমি সেবক গোসাঞি দুয়ারি তোমার।"— কে, কার, কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন?

২. *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'যত আনি তত নাই না ঘুচিল খাই খাই
কি বা সুখ এ ঘরে থাকিয়া'

— বক্তা কে? তাঁর এই উক্তিটির মধ্য দিয়ে সে যুগের বাঙালি জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তা সংক্ষেপে লেখো। ১+৪=৫

(খ) ‘অন্নদামঙ্গল’ অবলম্বনে হরি হোড় চরিত্রটি বিশ্লেষণ করো। কাব্যের রচনাকাল-জ্ঞাপক শ্লোকটি লেখো। ৪+১=৫

(গ) “বিশেষণে সবিশেষ কহিবারে পারি।

জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।।”— বক্তার বক্তব্য অনুসরণে বক্তার স্বামীর বিশেষিত পরিচয় এবং প্রকৃত পরিচয় লেখো। $২\frac{১}{২}+২\frac{১}{২}=৫$

(ঘ) ইন্দ্রজিতের অন্য প্রসিদ্ধ নামটি কী? লঙ্কাকাণ্ড অনুসরণে ইন্দ্রজিৎ চরিত্রের পরিচয় দাও। ১+৪=৫

(ঙ) লঙ্কাকাণ্ড অবলম্বনে হনুমানের লঙ্কাদহন কাহিনিটি সংক্ষেপে লেখো। হনুমানের পিতার নাম কী? ৪+১=৫

(চ) কুম্ভকর্ণকে কে বর দিয়েছিলেন? লঙ্কাকাণ্ড অবলম্বনে কুম্ভকর্ণের রণবিক্রম ও পতনের কাহিনিটি সংক্ষেপে লেখো। ১+৪=৫

৩. *যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :* ১০×২=২০

(ক) কৃত্তিবাস ‘রামায়ণ’-এর ‘লঙ্কাকাণ্ড’ অবলম্বনে রাম চরিত্র বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

‘লঙ্কাকাণ্ড’ অবলম্বনে যুদ্ধ বর্ণনা প্রসঙ্গে কৃত্তিবাসের দক্ষতার পরিচয় দাও। লঙ্কাকাণ্ডে উল্লিখিত কৃত্তিবাসের একটি ভণিতা লেখো। ৮+২=১০

(খ) “নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে

রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায়।।”

— প্রচলিত মঙ্গলকাব্যের থেকে ‘অন্নদামঙ্গল’ কোন কোন দিক দিয়ে ‘নূতন মঙ্গল’ তা বুঝিয়ে দাও। কৃষ্ণচন্দ্রের দু'জন সভাসদের নাম লেখো। ৮+২=১০

*অথবা,*

ভবানন্দ মজুন্দারের দুই স্ত্রীর নাম লেখো। ‘অন্নদামঙ্গল’ অবলম্বনে কবির হাস্যরস সৃজন দক্ষতার পরিচয় দাও। ২+৮=১০

---